

ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের অধীনে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান(নিটোর), শেরে-বাংলা নগর, ঢাকায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ৪(চার) বৎসর মেয়াদী বি.এসসি ইন ফিজিওথেরাপি কোর্সের প্রথম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাইতেছে। ভর্তির জন্য বিভিন্ন তথ্যাবলী এবং ভর্তি ফরম www.nitorbd.com ওয়েব সাইটে ২১-১০-২০১৭ইং তারিখ হইতে পাওয়া যাইবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

১। বাংলাদেশের যেকোন শিক্ষাবোর্ড/মাদ্রাসা বোর্ড অথবা দেশের বাইরে যেকোন স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে এস,এসসি এবং এইচ,এসসি অথবা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে পদার্থ, রসায়ন, জীববিজ্ঞানসহ (গ্রেন্স মার্কস/ ইম্প্রোভমেন্ট ব্যতীত) উভয় পরীক্ষায় মোট ০৭(সাত) জি.পি.এ গ্রেড থাকিতে হইবে এবং আলাদাভাবে ন্যূনতম ০৩ (তিন) পয়েন্ট থাকিতে হইবে। যে সকল প্রার্থী ২০১৪ সালের পূর্বে এস,এসসি এবং ২০১৬ সালের পূর্বে এইচ.এসসি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, তাহাদের আবেদন করার প্রয়োজন নাই।

আসন বিন্যাসঃ-

২। মহিলা প্রার্থীদের জন্য ২০% আসন এবং উপজাতীয় প্রার্থীদের জন্য একটি আসন এবং মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুইটি আসন সংরক্ষিত থাকিবে। আবেদনের জন্য উপজাতীয় ও মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা একই রকম হইবে এবং উপজাতীয় প্রার্থী প্রমানের জন্য উপজাতি সম্প্রদায়ের প্রধানের সনদ পত্র এবং মুক্তিযোদ্ধার সন্তানদের পিতা-মাতার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৩। আবেদন করার নিয়মাবলী “PHYSIOTHERAPY ADMISSION TEST” চলতি হিসাব নং ০২০০০১০৬৭২৯৭৫, অর্থনী ব্যাংক লিঃ, শ্যামলী শাখা, ঢাকা এর অনুকূলে অর্থনী ব্যাংকের যেকোন অনলাইন শাখা হইতে ১০০০/- (এক হাজার) টাকা নগদ জমা দানের রশিদসহ আবেদন পত্র প্রয়োজনীয় সনদপত্রসহ আগামী ২৫-১১-২০১৭ ইং তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.০০ ঘটিকা হইতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত) জমা দিতে হইবে। আবেদনকারীগনকে অবশ্যই ০৯/১২/২০১৭ ইং তারিখ হইতে ১৪-১২-২০১৭ ইং তারিখের মধ্যে প্রবেশ পত্র সংগ্রহ করিতে হইবে এবং ১৫-১২-২০১৭ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় এম.সি.কিউ পদ্ধতিতে আগারগাঁও তালতলা সরকারী কলোনী স্কুল এন্ড গার্লস কলেজ, ঢাকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

৪। আবেদন পত্রের সহিত নিম্ন বর্ণিত সনদপত্রাদী দাখিল করিতে হইবে।

ক) এস.এসসি ও এইচ.এসসি পরীক্ষার অথবা সমমানের পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি খ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার এর নিকট হইতে নাগরিকত্বের এবং প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তার নিকট হইতে চারিত্রিক সনদ পত্র ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি এবং এস.আই.এফ ফরমের জন্য স্ট্যাম্প সাইজের ০১(এক) কপি ছবি।

৫। ভর্তির পরীক্ষার নিয়মাবলীঃ

পদার্থ বিজ্ঞান-৩০ নম্বর, রসায়ন বিজ্ঞান-৩০ নম্বর, জীব বিজ্ঞান-৩০ নম্বর এবং ইংরেজী ও সাধারণ জ্ঞান-১০ নম্বর সর্বমোট ১০০(একশত) নম্বরের ভিত্তিতে এম.সি.কিউ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। প্রার্থীদের এস.এসসি তে প্রাপ্ত গ্রেডিংয়ের সংগে ৮ গুন করিয়া এবং এইচ,এসসি তে প্রাপ্ত গ্রেডিংয়ের সংগে ১২ গুন করিয়া ও ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরসহ মেথানুসারে তালিকা প্রস্তুত করা হইবে। প্রাপ্ত নম্বর সমান হইলে এইচ,এসসি পরীক্ষার পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান এর প্রাপ্ত মোট গ্রেডিংএর ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হইবে। প্রত্যেকটি সঠিক উত্তরের জন্য ০১(এক) নম্বর এবং ভুল উত্তরের জন্য .২৫ নম্বর কর্তন করা হইবে।

৬। অত্র প্রতিষ্ঠানের কোন আবাসিক ব্যবস্থা এবং পূর্ণঙ্গ অবকাঠামো বিদ্যমান নাই, ছাত্র/ছাত্রীদের নিজেদেরই ব্যক্তিগত ব্যবস্থাপনায় থাকা/খাওয়ার ব্যবস্থা এবং কোর্স সমাপনান্তে ০১(এক) বৎসরের ইন্টার্নশীপ প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

৭। ভর্তি সংক্রান্ত কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

(অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল গনি মোল্লাহ)

পরিচালক ও অধ্যাপক

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান

শেরে-বাংলা নগর, ঢাকা।

ফোন নং- ৯১১৪০৭৫, ৯১৪৪১৯০ এক্স-২৭০

তারিখ-০৯/১০/২০১৭ইং

নং-জাঃঅর্থোঃহাসঃ(পিটি ডিগ্রী কোর্স)৯৩-১৩৩/ ৬২৭৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, চিকিৎসা ও শিক্ষা শাখা)
- ২। সচিব, স্বাস্থ্য শিক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, চিকিৎসা ও শিক্ষা শাখা)
- ৩। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ পরিচালক, চিকিৎসা, শিক্ষা ও জনশক্তি উন্নয়ন শাখা)।

৪। বার্তা সম্পাদক, দৈনিক প্রথমআলো/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/The Daily Star কাজী নজরুল ইসলাম রোড, কারওয়ান বাজার, ঢাকা কে উক্ত বিজ্ঞপ্তিটি একদিন প্রকাশ পূর্বক বিজ্ঞপ্তির সৌজন্য কপি হিসেবে ০১(এক) কপি পত্রিকাসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে বিল প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।

(অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল গনি মোল্লাহ)

পরিচালক ও অধ্যাপক

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান

শেরে-বাংলা নগর, ঢাকা।